# NYC করদাতাদের অধিকার সনদ

দ্য অফিস অফ দ্য ট্যাক্স পেয়ার অ্যাডভোকেট

**তথ্য পাওয়ার অধিকার**

আপনার কাছে এই অধিকার আছে যে আপনি জানতে চাইতে পারেন, কীভাবে আপনি নিউ ইয়র্ক শহরের কর আইন মেনে চলবেন। আপনার কাছে এই অধিকার আছে যে আপনি ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সের-এর সমস্ত কর ফর্ম, নির্দেশ, প্রকাশনা, বিজ্ঞপ্তি এবং চিঠিপত্রে বর্ণিত আইন ও প্রক্রিয়ার পরিষ্কার এবং সরল ব্যাখ্যা পেতে পারবেন। আপনার কাছে এও অধিকার আছে যে আপনি ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সের কোনো সিদ্ধান্তের পরিষ্কার ব্যাখ্যা ও কারণ জানতে পারবেন। আপনার কাছে এই NYC করদাতার অধিকার সনদ পাওয়ার অধিকার আছে।

**উচ্চ মানের পরিসেবা পাওয়ার অধিকার**

আপনার কাছে ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স থেকে যুক্তিযুক্ত সময়ে সৌজন্যমূলক এবং পেশাদার সাহায্য পাওয়ার অধিকার আছে। আপনার কাছে এই অধিকার আছে যে, আপনি যে ভাবে বোঝেন সেই মতো আপনার সাথে কথা বলা হবে। আপনার কাছে অধিকার আছে যে, আপনি ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স-এর থাকে পরিষ্কার ও বোধগম্য চিঠিপত্র পাবেন। আপনার কাছে খারাপ পরিসেবা সম্পর্কে একজন সুপারভাইজারকে মৌখিক এবং/অথবা লিখিত জানানোর অধিকার আছে।

**আপনার সম্পত্তি কর কীভাবে নির্ধারিত হয় তা বোঝার অধিকার**

ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স কীভাবে আপনার সম্পত্তি কর নির্ধারণ করল সেটি কঠিন-শব্দ বর্জিত ভাষায় বোঝার অধিকার আপনার আছে। আপনার কাছে এই অধিকার আছে যে, আপনি বুঝতে পারবেন ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স কীভাবে বাজারের মূল্য এবং নির্ধারিত মূল্যের মূল্যায়ন করে। আপনার কাছে অধিকার আছে, ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স আপনার সম্পত্তি কর নির্ধারণ করার সময়ে কী কী করের হার এবং করের সীমা ব্যবহার করেছেন তা বোঝা। আপনার কাছে অধিকার আছে, কী কী সম্পত্তি কর ছাড় এবং/অথবা হ্রাসকরণ আছে যাতে আপনি আবেদন করতে পারেন এবং কীভাবে আপনি তাতে আবেদন করতে পারেন তা জানা। আপনার কাছে লিখিত ব্যাখ্যা পাওয়ার অধিকার আছে, এই বিষয়ে যে কেন ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স কোনো সম্পত্তি করের ছাড় বা হ্রাসকরণ গ্রহণ করেছে, প্রত্যাখ্যান করেছে অথবা সরিয়ে দিয়েছে।

**ন্যায্য ও ন্যায়ানুগ কর ব্যবস্থার অধিকার**

আপনার কাছে অধিকার আছে, এটি প্রত্যাশা করার যে ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স সেই সব তথ্য ও পরিস্থিতি খতিয়ে দেখবে যা আপনার করকে প্রভাবিত করতে পারে। আপনার কাছে অধিকার আছে, আপনার দাবী সমর্থন করার জন্য তথ্য দেওয়ার জন্য সময় পাওয়ার। আপনার কাছে এই অধিকার আছে যে আপনি আশা করতে পারেন ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স যে কোনো কর আইনকে সম্পূর্ণ রূপে ব্যবহার করবে, যা তাদের আপনার কর প্রদান করার সামর্থ্যকে নির্ধারণ করতে দেবে, যদি আপনি সেই মর্মে আবেদন করে থাকেন। আপনার কাছে অধিকার আছে ট্যাক্সপেয়ার অ্যাডভোকেট-এর কাছ থেকে সহায়তা পাওয়ার, যদি ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স, তাদের স্বাভাবিক প্রক্রিয়ায়, আপনার করের সমস্যার সমাধান না করে থাকে যুক্তিযুক্ত সময়ের ভিতরে অথবা যদি আপনার মনে হয় যে ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স এই অধিকারগুলির একটি লঙ্ঘন করছে।

**প্রতিনিধি রাখার অধিকার**

আপনার কাছে এই অধিকার আছে যে, আপনি কোনো ব্যক্তির সহায়তা নিতে পারবেন ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স-এর সাথে কাজ করতে গিয়ে। যদি আপনার প্রতিনিধি একটি পাওয়ার অফ অ্যাটর্নি (আম-মোক্তারনামা) ফাইল করে থাকে, তাহলে ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স সেই ব্যক্তিকে স্বীকৃতি দেবে আপনার প্রতিনিধি হিসাবে এবং সেই ব্যক্তির কাছে আপনার করের তথ্য প্রকাশ করবে।

**সঠিক পরিমাণের করের চেয়ে বেশি টাকা না দেওয়ার অধিকার**

আপনার কাছে অধিকার আছে কেবলমাত্র সেইটুকু কর প্রদান করা যা আইনত বকেয়া হয়েছে, সুদ ও পেনাল্টি সহ। আপনার কাছে অধিকার আছে যে আপনি আশা করতে পারবেন ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স সঠিকভাবে কর প্রদান প্রয়োগ করবে। আপনার কাছে অধিকার আছে একটি বিল বা বিবৃতি (স্টেটমেন্ট) পাওয়ার যেখানে বকেয়া করের পরিমাণ, সুদ ও পেনাল্টিসহ লেখা থাকবে।

**চূড়ান্ত সময়সীমার অধিকার**

আপনার কাছে অধিকার আছে ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স -এর অবস্থানকে চ্যালেঞ্জ করার শেষ তারিখ কবে তা জানার। আপনার কাছে অধিকার আছে এটি জানার যে ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স সর্বোচ্চ কত সময়ের মধ্যে একটি নির্দিষ্ট কর-বর্ষকে অডিট করবে অথবা বকেয়া কর আদায় করবে। আপনার কাছে অধিকার আছে এটি জানার যে সর্বোচ্চ কত সময়ের মধ্যে আপনি কর ফিরতের অনুরোধ জানাতে পারবেন। আপনার কাছে এটি জানার অধিকার আছে যে কখন ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স তার অডিট শেষ করেছে। আপনার কাছে এটি জানার অধিকার আছে যে, কখন ও কীভাবে ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স বকেয়া কর সংগ্রহ করবে। আপনার কাছে এটি জানার অধিকার আছে যে ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স পদক্ষেপ চূড়ান্ত কিনা।

**গোপনীয়তার অধিকার**

আপনার কাছে এটি আশা করার অধিকার আছে যে, ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স-এর যে কোনো অনুসন্ধান, পরীক্ষা অথবা কার্যকরীকরণ আইন মোতাবেক হবে। আপনার কাছে এটি আশা করার অধিকার আছে যে ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স-এর সেি প্রকারের পদক্ষেপগুলি প্রয়োজনের অতিরিক্ত বস্তক্ষেপমূলক হবে না। আপনার এছাড়াও অধিকার আছে এটি আশা করার যে, ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স সম্মান জানাবে সমস্ত নির্দিষ্ট প্রক্রিয়ার অধিকারকে, যাতে অন্তর্ভুক্ত হবে তদন্ত এবং বাজেয়াপ্তকরণ সুরক্ষাকে।

**বিশ্বস্ততার অধিকার**

আপনার কাছে এটি আশা করার অধিকার আছে যে, আপনি যে তথ্য ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স-কে প্রদান করবেন সেটি ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স-এর বাইরের কোনো ব্যক্তি বা সংস্থার কাছে প্রকাশ করা হবে না, যদি না তা আইন দ্বারা পূর্বানুমোদিত হয়। আপনার কাছে অধিকার আছে যে আপনি বিজ্ঞপিত হবেন, যদি আপনার তথ্য আপনার অনুমোদন ব্যতীত প্রকাশিত হয় অথবা যেখানে প্রকাশ আইন দ্বারা অনুমোদিত নয়। আপনার কাছে অধিকার আছে যে, আপনি আশা করতে পারেন ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স পদক্ষেপ গ্রহণ করবে সেইসব কর্মীদের ও অন্যান্যদের বিরুদ্ধে যারা আপনার তথ্য অসৎ উদ্দেশ্যে ব্যবহার অথবা প্রকাশ করবে।

**ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সের সিদ্ধান্তে প্রতিবাদ করা ও সেই সম্পর্কিত শুনানির অধিকার**

চ্যালেঞ্জ করার এবং আরও তথ্য ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স-এর কাছে পেশ করার অধিকার আপনার কাছে আছে। আপনার কাছে অধিকার আছে যে, আপনি আশা করতে পারেন যে ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স দ্রুত ও ন্যায্যভাবে আপনার চ্যালেঞ্জ ও নথিগুলি পর্যালোচনা করবে। আপনার কাছে অধিকার আছে লিখিতভাবে একটি ব্যাখ্যা পাওয়ার যে, কেন ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স আপনার অবস্থানের সাথে একমত নয়। আপনার কাছে অধিকার আছে লিখিত ব্যাখ্যা পাওয়ার যে কেন ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স আপনার নথিগুলি গ্রহণ করছে না। আপনার কাছে অধিকার আছে যে আপনাকে জানানো হবে কীভাবে আপনি ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্স -এর সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল করতে পারবেন অথবা কীভাবে একটি মীমাংসাকারী বৈঠকের অনুরোধ জানাতে পারবেন। আপনার কাছে অধিকার আছে আপনি যে মীমাংসা বৈঠকের অনুরোধ করেছিলেন তার সম্পর্কে লিখিত উত্তর পাওয়ার। আপনার কাছে অধিকার আছে এটি আপনাকে জানিয়ে দেওয়ার যে কখন এবং কীভাবে আপনি একটি কেস ফাইল করতে পারবেন ট্যাক্স কমিশনে, ট্যাক্স অ্যাপিলস ট্রাইবুনাল এবং নিউ ইয়র্ক সুপ্রিম কোর্ট-এ।

**আমাদের সাথে যোগাযোগ করুন**


THE OFFICE OF THE TAXPAYER ADVOCATE
375 PEARL STREET, 26th FLOOR
NEW YORK, NY 10038

nyc.gov/taxpayeradvocate